ISO 9001:2015 Certified

# সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

শিয়ালকোল, সিরাজগঞ্জ।

পোষ্ট কোড নং-৬৭০০

E-Mail-sirajganjpbs2@gmail.com

Web :pbs2.sirajganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০১.০২২.২৫.১৪৮৫

তারিখঃ ০৭ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

## পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২-এর ২০২০-২০২১ ও ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ অর্থ বছরের পরিচালন ও রক্ষনাবেক্ষন স্টোরের কনডেম ঘোষিত পিডিবি ষ্টীল পোল জাতীয় মালামাল (যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়) নিলামে বিক্রয়ের লক্ষ্যে নির্ধারিত সিডিউল অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলাদেশের আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ ঠিকাদারগনের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলগালাযুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

| মালামালের বিবরণ | পরিমাণ | নিলাম দরপত্র দলিলের মূল্য | দরপত্র জামানত | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | | সিডিউল ক্রয়ের স্থান | সিডিউল দাখিলের স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | গ্রহণ | খোলা | | |
| পিডিবি ষ্টীল পোল | ১৩,৪৬৪.০০ কেজি | ১০০০.০০ টাকা | দাখিলকৃত মূল্যের ২৫% | তারিখঃ ২১/০৪/২৫ খ্রি. হতে ০৫/০৫/২৫ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন সময়) | তারিখঃ ০৬/০৫/২৫ খ্রি. রোজ মঙ্গলবার। বেলা ১১:৩০ ঘটিকায়। | তারিখঃ ০৬/০৫/২৫ খ্রি. রোজ মঙ্গলবার। বেলা ১১:৩৫ ঘটিকায়। | (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯। (২) সিরাজগঞ্জ পবিস-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জ | (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯। (২) সিরাজগঞ্জ পবিস-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জ |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাগণ সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে দরপত্র দলিল ক্রয়ের জন্য ছকে উল্লেখিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে সিরাজগঞ্জ পবিস-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ারযোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০২। আগামী **০৬/০৫/২০২৫** তারিখ বেলা ১১.৩০ টার মধ্যে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জ এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নিলাম দরপত্র একইদিন অর্থাৎ **০৬/০৫/২০২৫** তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিসযোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৩। **নিলাম দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক দর ও উদ্ধৃত মোট দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে।** মোট উদ্বৃত্ত দর **অংকে ও কথায়** লিখতে হবে। নিলাম বিজ্ঞপ্তিতে উল্লেখিত প্রতিটি মালামালের ক্ষেত্রে সমিতি কর্তৃক নির্ধারিত প্রাক্কলিত একক মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।

০৪। নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে **সমিতির নাম পিডিবি ষ্টীল পোল** পুনঃ নিলামে বিক্রয়ের দরপত্র কথাটি লিখতে হবে। দরপত্রে কোন কাটা ছেঁড়া / ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

০৫। নিলাম দরদাতাকে মোট উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা জামানত হিসেবে **"সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২"** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য বিবেচনা করা হবে না। নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর গ্রহণ করা হবে।

**চলমান পাতাঃ ০২**

০৬। **প্রাপ্ত নিলাম দরপত্র** মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করে ১ম সর্ব্বোচ্চ নিলাম দরদাতার আনেষ্টমানি নগদায়ন করা হবে। কৃতকার্য নিলাম দরদাতাকে নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/ কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ পে অর্ডার/ ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৭। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর আলাদাভাবে জমা প্রদান করতে হবে (সরকার কর্তৃক আয়কর ও ভ্যাট পরিবর্তন হলে তা পরিশোধ যোগ্য হবে)। অকৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৮। আগ্রহী দরদাতাগণ মালামালসমূহ **০৫/০৫/২০২৫** তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক তা পরিদর্শন করতে পারবেন।

০৯। **বাপবিবোর্ড কর্তৃক কনডেম ঘোষিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের সমিতির নাম পিডিবি ষ্টীল পোল (যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়)** সমূহ অপসারণের সময় সমিতির বা অন্য কোন স্থানের কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/ প্রতিস্থাপন করে দিতে হবে।

১০। নিলাম দরদাতার যোগ্যতার প্রমাণস্বরুপ দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, আর্থিক স্বচ্ছলতার সনদ, আয়কর সনদ ও ভ্যাট রেজিষ্ট্রেশন দাখিল করতে হবে।

১১। উল্লিখিত শর্ত বর্হিভুত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। প্যাকেজ ওয়ারী সর্বোচ্চ নিলাম দর অনুযায়ী দরপত্র মূল্যায়ন করা হবে এবং সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রয় করা হবে। নির্ধারিত সর্বনিম্ন মূল্যের নীচে কোন দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৩। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমান কম/বেশী হতে পারে।

১৪। সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৫। উন্মুকরণের জন্য কর্মকর্তাগণের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি দরপত্র উন্মুক্তকরণ কমিটি গঠন করা হবে।

১৬। আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট https://pbs2.sirajganj.gov.bd এ দেখতে পারবেন।

উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

20/08/25

(খঃ শামীম আলম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ</u> (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও আপনার অফিস/দপ্তর/বিভাগ এর নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবোর্ড, বগুড়া।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.............................পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/কাজিপুর/বেলকুচি/কামারখন্দ/চৌহালী উপজেলা, সিরাজগঞ্জ।
০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবোর্ড, বগুড়া।
০৮। ডিজিএম, (সদর-কারিগরী)/বেলকুচি/কাজিপুর জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
০৯। এজিএম, কামারখন্দ/পিপুলবাড়ীয়া/তামাই সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
১০। এজিএম (অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি/মানব সম্পদ), সিরাজগঞ্জ পবিস-২।
১১। এজিএম (আইটি), সিরাজগঞ্জ পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
১২। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।
১৩। অফিস/মাস্টার কপি।

20/08/25

(মোঃ জাহাঙ্গীর আলম)
এজিএম (প্রশাসন)

E:\নিলাম\Nilam Biggopti (ষ্টোর ও মোটর সাইকেল).docx